Government of The People's Republic of Bangladesh
Agro-Meteorological Information Systems Development Project
(Component-C of BWCSRP)
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.০১.০০০.০১৮.০৩.০০১.২০.৪০৬৮

তারিখ: ১০-১২-২০২০ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প"এর প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন-গ্রেড* | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| (১) | হিসাবরক্ষক | ১ (এক) | গ্রেড-১৩ | ১৮-৩০ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ন্যূনতম স্নাতক। হিসাব রক্ষণে সহায়ক এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট জানা থাকতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট, সরকারী অডিট ব্যবস্থা, এডিপি ও আইডিএ ফিন্যান্স সিস্টেম সম্পর্কে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। একাউন্টিং বা ফিন্যান্স এর কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| (২) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১ (এক) | গ্রেড-১৪ | ১৮-৩০ বছর | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রী। এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদির মাধ্যমে চিঠিপত্র, রিপোর্ট তৈরী, অন্যান্য দলিলাদি প্রস্তুত করার অভিজ্ঞতা থাকতে হবে। অফিস সেক্রেটারিয়েল কাজে কমপক্ষে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অধিকতর অভিজ্ঞদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |

**বিঃদ্রঃ বেতন গ্রেড অনুযায়ী সাকুল্য বেতন ও সরকার কর্তৃক ঘোষিত জাতীয় বেতন স্কেল, ২০১৫ প্রযোজ্য হবে।

*অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০.১৫, তারিখঃ ১৪/০১/২০১৬ খ্রিঃ অনুযায়ী (১) হিসাবরক্ষকের সাকুল্য বেতন (গ্রেড-১৩)- ১৯৩০০/- টাকা

*অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০.১৫, তারিখঃ ১৪/০১/২০১৬ খ্রিঃ অনুযায়ী (২) অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর সাকুল্য বেতন (গ্রেড-১৪)- ১৮৩০০/- টাকা

## নিয়োগের শর্তাবলী ঃ

১. আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র সরকারি রেজিস্টার্ড ডাকযোগে প্রকল্প পরিচালক, "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প", কক্ষ নং-৭২৮, ৭ম তলা (মধ্য বিল্ডিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ এর বরাবর আগামী ২৭/১২/২০২০ খ্রিঃ (রবিবার) বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। অন্য কোন মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ
   - ২.১. সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি
   - ২.২ সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৪ (চার) কপি রঙিন ছবি;
   - ২.৩ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি;
   - ২.৪ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি;
   - ২.৫ জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
   - ২.৬ কম্পিউটার ব্যবহার ও Data entry/টাইপিং শিক্ষার বিষয়ে অনুমোদিত প্রতিষ্ঠানের সনদপত্র এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
   - ২.৭ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্রের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।
   - ২.৮ এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ গ্রাম প্রতিরক্ষা দল ও আনসার বাহিনীর সদস্যদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

৩. প্রার্থীকে আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) উল্লেখ করে ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪. আবেদনকারীর বয়স ২৭/১২/২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র কন্যার পুত্র কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫. মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা কোটায় নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করে সত্যতা সম্পর্কে নিশ্চিত করা হবে এবং নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে।

৬. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের মূল কপি দেখাতে হবে।

৭. আবেদনকারীকে প্রকল্প পরিচালক, "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প" এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা, ১-৪৩৩১-০০০০-২০৩১ কোড নম্বরে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর নির্ধারিত শাখায় ট্রেজারী চালানে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকেই কেবল ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। আবেদনকারীকে লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. প্রকল্পের মেয়াদ শেষে সংশ্লিষ্ট কর্মচারীর পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং চাকরির অবসান হবে। এ জন্য আলাদাভাবে চাকরিচ্যুতির কোন নোটিশ বা পত্র দেয়া হবে না।

১১. কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধিমালা অনুসরণ করা হবে এবং

১২. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০/১২/২০২০

(ড. মোঃ শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক
টেলিফোনঃ ০২-৫৫০২৮৪২২
ইমেইলঃ pdamisdp@dae.gov.bd